

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দিঘলিয়া,
খুলনা
<http://digholia.khulna.gov.bd>



...

সভাপতি	মো: মাহবুবুল আলম উপজেলা নির্বাহী অফিসার
সভার তারিখ	২৭/১০/২০২১
সভার সময়	দুপুর ০১.৩০
স্থান	উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর সম্মেলন কক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট 'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে)


উপজেলা ইনোভেশন টিমের অক্টোবর/২০২১ মাসের সভার কার্যবিবরণী

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। এরপর দিঘলিয়া উপজেলার ইনোভেশন টিমের সেপ্টেম্বর/২০২১ মাসের এবং খুলনা জেলা ইনোভেশন টিমের সেপ্টেম্বর/২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। দিঘলিয়া উপজেলা ইনোভেশন টিমের কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। সার্বিক বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ	আলোচ্য সূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১.	ইনোভেশন সংক্রান্ত পাইলট প্রকল্পের বর্তমান অবস্থা	দিঘলিয়া উপজেলাধীন ইনোভেশন সংক্রান্ত পাইলট প্রকল্পের বর্তমান অবস্থা নিয়ে প্রকল্প দাখিলকারীদের নিকট তাঁদের কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনা হয়।	প্রকল্পের কাজে গতিশীলতা আনার লক্ষ্যে আরো তৎপর হতে হবে।	পাইলট প্রকল্প প্রদানকারী কর্মকর্তাবৃন্দ, দিঘলিয়া, খুলনা।
০২.	পাইলট প্রকল্প মনিটরিং	জনসেবায় উদ্ভাবন কর্মশালায় দাখিলকৃত দিঘলিয়া উপজেলাধীন বিভিন্ন পাইলট প্রকল্প মনিটরিং এর উপর বিস্তারিত আলোচনা হয়।	বিভিন্ন পাইলট প্রকল্প মনিটরিং এ গতিশীলতা আনতে হবে।	উপজেলা ইনোভেশন টিম, দিঘলিয়া, খুলনা।
০৩	কার্যবিবরণী সংক্রান্ত	উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় আলোচ্যসূচির অন্তর্ভুক্ত করে ইনোভেশন বিষয়ে গৃহীত প্রকল্পসমূহের কার্যক্রমের অগ্রগতি নিয়ে নিয়মিতভাবে আলোচনা করতে হবে।	প্রতিমাসের উপজেলা ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী জেলা ইনোভেশন টিমে প্রেরণ করতে হবে। উপজেলা ইনোভেশন টিমের সভার কার্যবিবরণীর সফটকপি সকল সদস্যদের ই-মেইলে সরবরাহ করতে হবে এবং ওয়েবপোর্টালে সংযুক্ত করতে হবে।	উপজেলা ইনোভেশন টিম, দিঘলিয়া, খুলনা।

০৪	নতুন ইনোভেশন আইডিয়া সংক্রান্ত	উপজেলার সকল দপ্তর থেকে একটি করে নতুন আইডিয়া গ্রহণের লক্ষ্যে উপজেলার সকল কর্মকর্তাদের নিকট নতুন আইডিয়া প্রদানের জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলার সকল দপ্তর থেকে একটি করে নতুন আইডিয়া সংগ্রহ করতে হবে।	উপজেলা ইনোভেশন টিম, দিঘলিয়া, খুলনা।
০৫	ইনোভেশন সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনা	উপজেলা ইনোভেশন সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনা প্রস্তুত করা হয়েছে।	নতুন কর্মপরিকল্পনা অনুযায়ী তা সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে।	উপজেলা ইনোভেশন টিম, দিঘলিয়া, খুলনা।
০৬	জেলার উদ্ভাবনী উদ্যোগ	জেলার উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের লক্ষ্যে গত ১৩/০৩/২০১৭ খ্রিঃ তারিখে জেলা প্রশাসক, খুলনা মহোদয় দিঘলিয়া উপজেলাকে ভিক্ষুকমুক্ত ঘোষণা করেন। জেলার উদ্ভাবনী উদ্যোগ ভিক্ষুকমুক্তকরণের লক্ষ্যে উপস্থিত সদস্যদের নিকট সুচিন্তিত মতামত চাওয়া হয়।	জেলার উদ্ভাবনী উদ্যোগ ভিক্ষুকমুক্তকরণের কার্যক্রম চলমান রাখতে হবে।	উপজেলা ইনোভেশন টিম, দিঘলিয়া, খুলনা।

অতঃ পর আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মো: মাহবুবুল আলম
উপজেলা নির্বাহী অফিসার


স্মারক নম্বর: ০৫.৪৪.৪৭৪০.০০০.৩১.০০২.১৮.১৫৫

তারিখ: ১২ কার্তিক ১৪২৮

২৮ অক্টোবর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা
- ২) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
- ৩) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
- ৪) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।
- ৫) জনাব (উপজেলা ইনোভেশন টিমের সকল সদস্য/ পাইলট প্রকল্প বাস্তবায়নকারী সকল কর্মকর্তা), দিঘলিয়া, খুলনা।
- ৬), দিঘলিয়া, খুলনা।



মো: মাহবুবুল আলম
উপজেলা নির্বাহী অফিসার